দৈনিক বাংলা

24 DEC 1990 Jan
তারিখ 24
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

06

# চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্র সংঘর্ষ ঃ আহত ১০ ভিসি'র অফিস ঘেরাও

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৩শে জানুয়ারী। –চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গতকাল ও আজ দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে বেশ কয়েকজন ছাত্র আহত হয়েছে।

এই ঘটনার পর দায়ী ব্যক্তিদের বিচারের দাবীতে সর্বদলীয় ছাত্র ঐক্য ভাইস চ্যান্সেলরের অফিসের সামনে অবস্থান ধর্মঘট শুরু করেছে। রাত ১০টায় এই রিপোর্ট লেখার সময়েও কয়েকশ' ছাত্র-ছাত্রী ভিসির অফিস ঘিরে রয়েছে। ভিসি ছাত্রদের সঙ্গে দেখা করতে এ যাবৎ অস্বীকৃতি জানিয়েছেন। ছাত্র ঐক্য নেতারা বলেন, ভিসি দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা না নেয়া পর্যন্ত ঘেরাও অব্যাহত থাকবে।

এদিকে আজ সকাল থেকে বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক পৃথকভাবে মিছিল ও নির্বাচনী প্রচারণা চালিয়ে যাচ্ছিল। বেলা ১২টার দিকে হঠাৎ সংঘর্ষ শুরু হয়।

ইসলামী ছাত্র শিবির ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে এক মিছিল

(৩-এর পৃঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

বের করে। এক বিবৃতিতে তারা বলেন, একটি চিহ্নিত মহল বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ পরিবেশ নস্যাৎ করতে চাইছে।

অন্যদিকে, বাংলাদেশ ইসলামী ছাত্র সেনা বিশ্ববিদ্যালয় শাখা এক বিবৃতিতে দাবী করে যে ছাত্র সেনার মিছিল যখন কলা ভবন অতিক্রম করছিল ছাত্র শিবিরের জঙ্গী কর্মীরা তখন অতর্কিতে হামলা চালায় এবং এতে ছাত্র সেনার ১০ জন সদস্য আহত হয়েছে। এদের কয়েকজনকে ছুরিকাঘাত করা হয়।

ছাত্র লীগ, ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট এই হামলার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ-বানজানিয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিণ্ডিকেটের এক সভায় অনিয়মিত ছাত্রদের চাকসু নির্বাচনে অংশ নেয়ার ব্যাপারে জারীকৃত নিষেধাজ্ঞা তুলে নিয়েছেন এবং নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাখ্যানের সময়সীমা পরিবর্তন করেছেন বলে জানা গেছে।